

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫
ওয়েবসাইট : www.bncu.gov.bd
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

রবিবার, ০৫ অক্টোবর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশে আইসেস্কো মহাপরিচালকের সফর: শিক্ষা, সংস্কৃতি ও বিজ্ঞান ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতার নতুন দিগন্ত।

বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ) অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে, ইসলামিক ওয়ার্ল্ড এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (আইসেস্কো)-এর মহাপরিচালক, মান্যবর ড. সালিম এম. আল মালিক ৪-৬ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ সফর করছেন।

বিশ্বজুড়ে শিক্ষা, স্বাস্থ্য ও কৌশলগত অংশীদারিত্বে অভিজ্ঞ এই ব্যক্তিত্বের সফর বাংলাদেশের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবসের একজন গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন এবং শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টাদের সাথে বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করেছেন। এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সাথে মতবিনিময় এবং ৭১-এর গণঅভ্যুত্থান জাদুঘর পরিদর্শন করেছেন।

ঢাকায় ২০২৫ সালের বিশ্ব শিক্ষক দিবস উদযাপনে এক বক্তৃতায়, আইসেস্কোর মহাপরিচালক ড. সেলিম এম. আলমালিক বাংলাদেশের শিক্ষকদের ক্ষমতায়নের জন্য তিনটি উদ্যোগের ঘোষণা দেন: একটি আইসেস্কো শিক্ষক পুরস্কার, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) অ্যাপ্লিকেশনে শিক্ষকদের জন্য একটি সক্ষমতা বৃদ্ধির কর্মসূচি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারীর ক্ষমতায়ন এবং সক্ষমতা বৃদ্ধির উপর দৃষ্টি নিবদ্ধ করে একটি গবেষণা চেয়ার। তিনি শিক্ষকদের মহৎ মর্যাদার উপরও জোর দেন। নবী মুহাম্মদ (সাঃ) এর উক্তি স্মরণ করে বলেন যে তিনি একজন শিক্ষক হিসেবে প্রেরিত হয়েছিলেন এবং শিক্ষকদের আদর্শ হতে, উচ্চ নৈতিক মূল্যবোধ প্রচার করতে এবং উত্তাবনী ধারণা গ্রহণ করতে উৎসাহিত করেন।

এই সফরের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হলো বাংলাদেশে আইসেস্কোর একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপন সংক্রান্ত আলোচনার ক্ষেত্র প্রস্তুত করা। এই কেন্দ্র স্থাপিত হলে এশিয়ার ১৩টি মুসলিম অধ্যুষিত সদস্য রাষ্ট্রে—যেমন বুর্নাই, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, পাকিস্তান, কাজাখাস্তান, আফগানিস্তান—শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি ও তথ্য যোগাযোগ বিষয়ে প্রশিক্ষণ, কর্মশালা ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিচালিত হবে। বাংলাদেশ এতে বিশেষভাবে উপকৃত হবে।

অন্যান্য সম্ভাবনার মধ্যে রয়েছে:

- শিক্ষা মন্ত্রণালয় ও আইসেস্কোর মধ্যে cutting-edge technology বিষয়ক একটি প্রকল্পে MoU স্বাক্ষর।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫
ওয়েবসাইট : www.bncu.gov.bd
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের তত্ত্বাবধানে আরবি ভাষায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মধ্যপ্রাচ্যগামী জনশক্তি প্রস্তুতকরণে ত্রিপাক্ষীয় উদ্যোগ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও বুয়েটসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ইরান, কাজাখাস্তান ও পাকিস্তানের হাইটেক পার্ক ও প্রযুক্তি ইনস্টিটিউটের যৌথ কার্যক্রমের সম্ভাবনা।

ড. আল মালিকের এই সফর আইসেস্কোর অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, সাংস্কৃতিক সংলাপ ও শিক্ষাগত উৎকর্ষের উজ্জ্বল সম্ভাবনাসহ বাংলাদেশের আঞ্চলিক নেতৃত্ব ও উদ্ভাবনী সক্ষমতার স্বীকৃতি বহন করবে বলে আশা করা যায়।

বার্তা প্রেরক:

মোহাম্মদ আব্দুল ওয়াসিম

প্রোগ্রাম অফিসার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন